বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
Bangladesh Open University

পরীক্ষা বিভাগ
Examination Division

বাউবি/পরীক্ষা/কম্পিউটার ইউনিট/৫১০/২০১৪/৭৫০৪ তারিখ ঃ ২৩/০১/২০২০ খ্রিঃ

আঞ্চলিক পরিচালক
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
আঞ্চলিক কেন্দ্র
ঢাকা/ময়মনসিংহ/কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট/রাজশাহী/বগুড়া/রংপুর/যশোর/বরিশাল/ফরিদপুর/খুলনা।

জরুরী

বিষয় ঃ SSC পরীক্ষা-২০২০ এর টপ শীট ও ধারাবাহিক মূল্যায়নের নম্বর এন্ট্রি করণের বিষয়ে পরীক্ষা কেন্দ্র ও স্টাডি সেন্টার সমূহকে অবহিত করণ প্রসঙ্গে।

জনাব,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত SSC পরীক্ষা-২০২০ এর টপ শীট ও ধারাবাহিক মূল্যায়নের নম্বর এন্ট্রির জন্য বাউবি'র ওয়েবসাইট, **exam.bou.edu.bd** এ গিয়ে সমন্বয়কারীগণ নিজনিজ EMIS আইডি ও পাসওয়ার্ড দিয়ে লগইন করে **"টপশীট ও ধারাবাহিক মূল্যায়ন"** লিংক এর মাধ্যমে টপশীট প্রস্তুত ও ধারাবাহিক মূল্যায়নের নম্বর এন্ট্রি সম্পন্ন করবেন। নিম্নে টপশীট প্রস্তুত করন ও ধারাবাহিক মূল্যায়নের নম্বর এন্ট্রির পদ্ধতি উল্লেখ করা হ'ল।

টপশীট তৈরী ঃ

১। পরীক্ষা কেন্দ্র নির্বাচন করে তারিখ, বিষয়, সকাল/বিকাল এবং স্টাডি সেন্টার নির্বাচন করে Go বাটনে ক্লিক করলে উক্ত স্টাডি সেন্টারের পরীক্ষার্থীদের তালিকা প্রদর্শিত হবে
২। কেউ অনুপস্থিত থাকলে সেই আইডির পাশে AB এবং বহিষ্কৃত হলে RP চেকবক্সে ক্লিক করতে হবে। ক্লিক করলে চেকবক্সে যদি টিক চিহ্ন প্রদর্শিত হয় এবং বক্সটির চারপাশে সবুজ হয় বুঝতে হবে Save হয়েছে অর্থাৎ AB/RP করা হয়েছে
৩। ভুলক্রমে কাউকে অনুপস্থিত/বহিষ্কার করা হলে পুনরায় সংশ্লিষ্ট চেকবক্সে ক্লিক করলে টিকচিহ্ন উঠে যাবে এবং বক্সের চারপাশ সবুজ হলে বুঝতে হবে পূর্বের অবস্থায় ফিরে গেছে এবং Save হয়েছে
৪। যদি তালিকায় কারও আইডি না থাকে তাহলে প্রোগ্রাম, বিষয় এবং স্টাডি সেন্টার সিলেক্ট করে 'আইডি তালিকায় নেই?' এ ক্লিক করে আইডি যোগ (+) করা যাবে
৫। 'চূড়ান্ত সাবমিট' করার পূর্ব পর্যন্ত Edit করা যাবে
৬। সংশ্লিষ্ট কোর্স এবং স্টাডি সেন্টারের সকল অনুপস্থিত ও বহিষ্কারের তথ্য হালনাগাদ করে 'চূড়ান্ত সাবমিট' করতে হবে, চূড়ান্ত সাবমিট না করা হলে পরীক্ষা বিভাগের কাছে উক্ত তথ্যসমূহ গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য, চূড়ান্ত সাবমিট হয়ে গেলে কোনো Edit করা যাবে না
৭। এন্ট্রি করে খসড়া টপ শীট দেখার জন্য 'খসড়া টপ শীট প্রিন্ট' এ ক্লিক করলে একটি পিডিএফ ফাইলে খসড়া টপ শীট দেখা যাবে, যেটি প্রিন্ট নিয়ে এন্ট্রিসমূহ যাচাই করা যাবে
৮। চূড়ান্ত সাবমিট করার পরেই কেবল 'চূড়ান্ত টপ শীট প্রিন্ট' করা যাবে
৯। প্রত্যেক প্যাকেটের জন্য নৈর্বক্তিকের ক্ষেত্রে ২ কপি এবং রচনামূলকের ক্ষেত্রে ৩ কপি টপশীট ব্যবহার করবেন। উভয়ক্ষেত্রে ১ কপি প্যাকেটের ভিতরে থাকবে এবং অপর কপি বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট হস্তান্তর করতে হবে/ডাকযোগে পাঠাতে হবে।

ধারাবাহিক মূল্যায়নের নম্বর এন্ট্রি

১। প্রোগ্রাম, বিষয়, স্টাডি সেন্টার নির্বাচন করলে যাদের ফি এর তথ্য সার্ভারে সংরক্ষিত আছে তাদের তালিকা প্রদর্শিত হবে। যদি তালিকায় সব শিক্ষার্থীর তথ্য না থাকে তাহলে "আইডি তালিকায় নেই?" এ ক্লিক করে আইডি যোগ করা যাবে। এরপর উপস্থিতি পত্র মুদ্রণ করে শিক্ষার্থীদের স্বাক্ষর নেয়া যাবে
২। নম্বর এন্ট্রি করে Enter কী প্রেস করলে Save হবে। যেমন, কারও প্রাপ্ত নম্বর সাত হলে ৭ এন্ট্রি করে কীবোর্ডে Enter প্রেস করতে হবে
৩। যদি কারও নম্বর না থাকে তাহলে সেই আইডির বিপরীতে কোনও কিছু এন্ট্রির প্রয়োজন নেই। মাউসের সাহায্য ছাড়াও শুধু Enter কী প্রেস করেই নীচের ঘরে যাওয়া যাবে
৪। যদি তালিকায় কারও আইডি না থাকে তাহলে প্রোগ্রাম, কোর্স এবং স্টাডি সেন্টার সিলেক্ট করে 'আইডি তালিকায় নেই?' এ ক্লিক করে আইডি যোগ (+) করা যাবে এবং যোগ সম্পন্ন হলে সেই আইডির বিপরীতে নম্বর এন্ট্রি করা যাবে
৫। নম্বর এন্ট্রি করে 'চূড়ান্ত সাবমিট' করার পূর্ব পর্যন্ত এন্ট্রিকৃত নম্বরসমূহ Edit করা যাবে
৬। সংশ্লিষ্ট কোর্সের সকল নম্বর এন্ট্রি করে 'চূড়ান্ত সাবমিট' করতে হবে, চূড়ান্ত সাবমিট না করা হলে পরীক্ষা বিভাগের কাছে উক্ত নম্বরসমূহ গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য, চূড়ান্ত সাবমিট হয়ে গেলে কোনো নম্বর Edit করা যাবে না
৭। নম্বর এন্ট্রি করে খসড়া নম্বর পত্র দেখার জন্য 'খসড়া নম্বর প্রিন্ট' এ ক্লিক করলে একটি পিডিএফ ফাইলে খসড়া নম্বর পত্র দেখা যাবে, যেটি প্রিন্ট নিয়ে নম্বরসমূহ যাচাই করা যাবে
৮। চূড়ান্ত সাবমিট করার পরেই কেবল 'চূড়ান্ত নম্বর প্রিন্ট' করা যাবে। 'চূড়ান্ত নম্বর প্রিন্ট' করে এবং শিক্ষার্থীদের স্বাক্ষর সংবলিত 'উপস্থিতি পত্র' সকল স্বাক্ষরসহ সংশি-ষ্ট আঞ্চলিক/উপ-আঞ্চলিক কেন্দ্রে নির্ধারিত তারিখের মধ্যে প্রেরণ করতে হবে
৯। টিউটরিয়াল ক্লাস চলাকালীন সময়সীমার মধ্যে সংশ্লিষ্ট টিউটর শিক্ষার্থীদের স্বাক্ষর গ্রহণ এবং উল্লিখিত মানদন্ডের ভিত্তিতে মূল্যায়নের নম্বর প্রদান করবেন।

বিষয়টি অতীব জরুরী। সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্র ও স্টাডি সেন্টারকে বিষয়টি অবহিত করানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

ধন্যবাদসহ,

২৬/১/২০২০

পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
কম্পিউটার বিভাগ
সিস্টেম ম্যানেজার/পরিচালক এর কার্যালয়
ডায়েরী নং ৬৬০
তারিখ ২৭/১/২০২০
(BIMS)
২৭/১/২০২০

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হ'ল ঃ

১। ডীন, ওপেন স্কুল, বাউবি, গাজীপুর।
২। পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি, গাজীপুর (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩। একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি, গাজীপুর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। উপ-পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি, গাজীপুর (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। সংরক্ষণ নথি।

E:/Asraf/My document/Letter & Order.doc (Others Letter)